



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



নং-কুসক-২০২৩/

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩০ ব.
২৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

:বিজ্ঞপ্তি:

অদ্য ২১/০৯/২০২৩ ইং তারিখে অধ্যক্ষ মহোদয়ের সভাপতিত্বে Kushtia Government College Journal এর প্রথম বর্ষ প্রথম সংখ্যা বের করার জন্য জার্নাল কমিটির সভা অনুষ্ঠিত হয়। প্রবন্ধ বাংলা এবং ইংরেজী উভয় ভাষায় লেখা যাবে। তবে Abstract ইংরেজী ভাষায় হওয়া বাঞ্ছনীয়। Peer Review এর ভিত্তিতে জার্নাল প্রকাশিত হবে। প্রবন্ধের জন্য নিম্নোক্ত নীতিমালা প্রযোজ্য হবে:

১। প্রবন্ধটি হতে হবে মৌলিক এবং অন্য কোন জার্নাল, সাময়িকী, সংবাদপত্র কিংবা ইলেক্ট্রনিক মিডিয়াতে প্রকাশ হয়নি বা প্রকাশের জন্য জমা দেয়া হয়নি এই মর্মে লিখিত বিবৃতি দিতে হবে। প্রবন্ধ উপস্থাপনের জন্য সম্পাদনা পরিষদ দায়ি থাকবে না। রাষ্ট্র, সামাজিক ও ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন প্রবন্ধ গ্রহণযোগ্য নয়।

২। বাংলা প্রবন্ধ ১২ ফন্ট এবং ইংরেজী ১১ ফন্টে ১.৫ স্পেসে কম্পিউটারে মুদ্রিত করে ০২ (দুই) কপি পাঠাতে হবে। সফটকপি ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। মেইল dr.hasib1966@gmail.com অথবা labanya.soc@gmail.com

৩। ইংরেজী প্রবন্ধে বৃটিশ কিংবা মার্কিন যে কোন একটি বানান রীতি এবং বাংলায় বাংলা একাডেমীর বানান রীতি অনুসৃত হবে। ইংরেজী Times New Roman এবং বাংলা NikoshBAN অথবা SutonnyMJ তে লিখতে হবে।

৪। ভিন্ন কাগজে লেখক পরিচিতি এবং অনূর্ধ্ব ১৫০ শব্দে Abstract দেয়ার অনুরোধ করা হলো।

৫। জার্নালের রেফারেন্সে হার্ভার্ড রীতি অনুসৃত হবে। যেমন-

পুস্তকঃ Rashid, H.E. 1977. *Geography of Bangladesh*.

Dhaka: University Press Limited.

শাহীদ, ড.হা.২০১১। *প্রাকৃতিক ভূগোলের রূপরেখা*। ঢাকা: স্বজন প্রকাশনী।

জার্নালঃ

Hossain, M.M. 1993. Economic Effects of River bank Erosion: Some Evidence from Bangladesh. *Disaster*. 17:25-32.

ইলেকট্রনিক মিডিয়াঃ

<http://manchesterhistorian.com>

<http://www.biography.com/people/amerigovespucci>

প্রতিস্বাক্ষর

(প্রফেসর শিশির কুমার রায়)

অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

(প্রফেসর ড. হ. জ. ম. হাসিবুশ শাহীদ)

আহবায়ক

কুষ্টিয়া সরকারি কলেজ জার্নাল কমিটি

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।